

জেলা

রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী চাকরি মেলা শুরু

প্রতিনিধি রাজশাহী

প্রকাশ: ২৭ জুন ২০২৫, ১২: ৪৩



রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী চাকরি মেলা শুরু হয়েছে। আজ শুক্রবার সকালে ক্যাম্পাসে

ছবি: প্রথম আলো

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রংয়েট) দুই দিনব্যাপী চাকরি মেলা শুরু হয়েছে। আজ শুক্রবার সকাল ১০টার দিকে এই মেলার উদ্বোধন করেন উপাচার্য এস এম আবদুর রাজ্জাক।

পূর্বালী ব্যাংকের পৃষ্ঠপোষকতায় দুই দিনব্যাপী এই মেলার আয়োজন করেছে রংয়েট ক্যারিয়ার ফোরাম। তাঁরা দশমবারের মতো এই মেলার আয়োজন করল। ২০১৪ সালে প্রথম এই চাকরির মেলার আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য ছাড়াও বক্তব্য দেন পূর্বালী ব্যাংকের রাজশাহীর আঞ্চলিক প্রধান সাজিদুর রহমান, রংয়েটের ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক রবিউল ইসলাম সরকার, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক এইচ এম রাসেল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক বিভাগের অধ্যাপক আবদুল খালেক প্রমুখ। অতিথিরা স্টল ঘুরে ঘুরে দেখেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, ‘আমরা চাই একাডেমিয়ার সঙ্গে ইঞ্জিনিয়ারিং সেক্টরের একটা সেতুবন্ধ তৈরি হোক। সেটা করার জন্যই আজকের এই আয়োজন। যাঁরা পড়াশোনা শেষ করেছেন, তাঁদের সঙ্গে চাকরিক্ষেত্রে একটা নেটওয়ার্ক তৈরি হবে। এটাই শিক্ষার্থীদের অনেক দূর এগিয়ে নিয়ে যাবে। আর শিক্ষার্থীরাও তাঁদের সক্ষমতাকে যাচাই করতে পারবেন। এ ধরনের আয়োজন অব্যাহত থাকবে। ভবিষ্যতে এ ধরনের আয়োজনকে আরও বিস্তৃত করা হবে।’

পূর্বালী ব্যাংকের কর্মকর্তা সাজিদুর রহমান বলেন, আজকের এই আয়োজনে থাকতে পেরে তাঁরা আনন্দিত। এই ধরনের আয়োজন আরও করতে চান।

ক্যারিয়ার ফোরামের সভাপতি তাজওয়ার তাসকিন বলেন, এবার ১৯টি কোম্পানি স্টল নিয়ে মেলায় এসেছেন। তাঁরা সবাই চাকরি আহ্বান করছেন। দুই দিনে তাঁরা রংয়েট শিক্ষার্থীদের সিভি সংগ্রহ করবেন। অনেকেই এখানে থেকেই চাকরি দেবেন। অনেকে আবার তাঁদের হেড অফিসে আহ্বান করে চাকরি দেবেন। বিগত চাকরি মেলাগুলোতে সিভি ড্রপ করা শিক্ষার্থীদের ৫০ শতাংশের বেশি চাকরি হয়েছে।

রংয়েটের কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ইফতেখার আলী আরএফএল কোম্পানিতে ট্রেইনি ইঞ্জিনিয়ারিং পদে সিভি জমা দিয়েছেন। এই পদে ২০টি পদ খালি আছে। তিনি প্রথম আলোকে বলেন, এটি তাঁর প্রথম সিভি দেওয়া। আশা করছেন চাকরিটি হয়ে যাবে। তিনি আরও বলেন, সাধারণত চাকরিগুলো তাকাকেন্দ্রিক। চাকরি মেলাগুলোও সারা বছরই তাকাসহ বড় শহরে হয়। এখানে এই মেলা হওয়ায় তাঁদের জন্য ভালো হয়েছে। তাঁরা সহজেই আলাপচারিতার মাধ্যমে সিভি জমা দিতে পারছেন।

আরএফএলের সহকারী ব্যবস্থাপক (ট্যালেন্ট অ্যাকুইজিশন) তারেক আজিজ বলেন, তাঁরা মোটামুটি ৮০টি শূন্য পদে চাকরি দেবেন এই মেলা থেকে। বিগত বছরগুলোতেও রংয়েট থেকে অনেকেই চাকরি করছেন। এই মেলা দক্ষ জনশক্তি পেতে তাঁদের সহযোগিতা করছে। রংয়েটের অনেকেই তাঁদের কোম্পানিতে সুনামের সঙ্গে চাকরি করছেন।

